

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১৭৮-আইন/২০১৬/৭৫৪-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১২১-আইন/২০১৫/৭২৭-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)
(১) তেইশ টাকা	১০	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
	১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
(২) পয়তাল্লিশ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
(৩) সত্তর টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
	১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

”;

(২) অনুচ্ছেদ ২ এ উল্লিখিত “৩১ ডিসেম্বর, ২০১৫” সংখ্যাগুলি, শব্দ ও কমা পরিবর্তে “৩১ ডিসেম্বর, ২০১৬” সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান )

চেয়ারম্যান